**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 08-12-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Governor Golf :**

ত্রিপুরা ওপেন গলফ টুর্নামেন্ট নিছক একটি প্রতিযোগিতা নয় এর মধ্যদিয়ে গলফ প্রতিযোগিতা আয়োজনের সর্বভারতীয় অঙ্গনে ত্রিপুরা নিজের জায়গা করে নিল। ত্রিপুরায় গলফের উজ্জ্বল ভবিষ্যতের ক্ষেত্রে এই প্রতিযোগিতা একটি মাইল ষ্টোন হিসেবে চিহ্নিত হয়ে থাকবে। গতকাল বিকালে শালবাগানের টাস্কার বিএসএফ গলফ কোর্সে ত্রিপুরা ওপেন গলফ টুর্নামেন্টের সমাপ্তি অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু একথা বলেন। তিনি বলেন, এই প্রতিযোগিতার মধ্যদিয়ে ত্রিপুরায় গলফ টুরিজমের উজ্জ্বল ভবিষ্যতের সূচণা হল।

অনুষ্ঠানে এছাড়াও ছিলেন গলফ ফেডারেশন অব ইন্ডিয়ার জেনারেল সেক্রেটারী আর্য বীর আরিয়া, বিএসএফ-এর ত্রিপুরা ফ্রন্টিয়ার-এর আইজি অলক কুমার চক্রবর্তী প্রমুখ।রাজ্যপাল গলফ প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

উল্লেখ্য, গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা:) মানিক সাহা ত্রিপুরা ওপেন গলফ টুর্নামেন্টের উদ্বোধন করেন | রাজ্য সরকার পর্যটনের ক্ষেত্রে গলফ টুরিজমকে যুক্ত করে রাজ্যকে পর্যটনের হাব হিসেবে গড়ে তুলতে সচেষ্ট হবে বলে জানান মুখ্যমন্ত্রী |

**********************

**Vande Mataram  lok shabha  :**

লোকসভায় আজ জাতীয় সঙ্গীত বন্দে মাতরমের ১৫০তম বার্ষিকী উপলক্ষে বিশেষ আলোচনা শুরু হবে। সরকারি সূত্রে জানানো হয়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি লোকসভায় এই আলোচনার সূচনা করবেন। আলোচনার জন্য দশ ঘণ্টার সময় বরাদ্দ করা হয়েছে।

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু বলেছেন, পূর্ণদিবসীয় আলোচনা দুপুর ১২টায় শুরু হবে। তিনি আরও উল্লেখ করেন, লোকসভা অধ্যক্ষ ওম বিরলার সভাপতিত্বে সম্প্রতি অনুষ্ঠিত সর্বদলীয় বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়, বন্দে মাতরমের উপর সংসদে আলোচনা করা হবে।

***************************

**PM-UNESCO :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের "বিকাশ ভি, বিরাসত ভি" নীতিবাক্যটি হল আধুনিকীকরণ এবং নগরায়ণ-সাংস্কৃতিক শিকড় মুছে ফেলার পরিবর্তে সংস্কৃতিকে শক্তিশালী করার প্রতিশ্রুতি। তিনি বলেন, ভারত কোনও ঐতিহ্য, কোনও অনুশীলনকারী এবং কোনও সম্প্রদায় অদৃশ্য বা অসমর্থিত না থাকে, সেটা নিশ্চিত করছে| নয়াদিল্লিতে ইউনেস্কোর অপ্রচলিত সাংস্কৃতিক ঐতিহ্যের সুরক্ষার জন্য আন্তঃসরকারি কমিটির ২০তম অধিবেশনের উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে এক বার্তায় প্রধানমন্ত্রী এই কথা বলেন। তিনি বলেন, ভারতের জন্য, ঐতিহ্য কখনও স্মৃতির বিষয় ছিল না, বরং জ্ঞান, সৃজনশীলতা এবং গোষ্ঠীগত অবিচ্ছেদ্য প্রবাহের এক প্রানবন্ত নদী। প্রধানমন্ত্রী আরও উল্লেখ করেন

অপ্রচলিত ঐতিহ্য রক্ষার জন্য একটি যৌথ আকন্তর্জাতিক কাঠামো তৈরিতে ইউনেস্কো একটি রূপান্তরমূলক ভূমিকা পালন করেছে এবং ইউনেস্কোর তালিকায় বেশ কিছু উপাদান অন্তর্ভুক্ত হওয়ায় ভারত গর্বিত। উল্লেখ্য, আজ থেকে চলতি মাসের ১৩ তারিখ পর্যন্ত নয়াদিল্লির লাল কেল্লায় আন্তঃসরকারি কমিটির ২০তম অধিবেশন আয়োজন করছে।

**********************

**CIVIL AVIATION REASSURED :**

ভারতের অসামরিক বিমান পরিবহন মন্ত্রক আশ্বস্ত করেছে, অভ্যন্তরীণ বিমান সংস্থাগুলি সুষ্ঠুভাবে এবং পূর্ণ ক্ষমতায় কাজ করছে, ক্রমাগত ইন্ডিগোর কাজে উন্নতি হচ্ছে।মন্ত্রণালয় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে,বিমান উড়ানের সময়সূচী স্বাভাবিক পর্যায়ে ফিরে আসছে এবং সারা দেশে বিমান যাতায়াত কর্মসূচি দ্রুতগতিতে স্থিতিশীল হচ্ছে। এদিকে মূল্যবৃদ্ধি রোধ করতে এবং যাত্রীদের জন্য ন্যায্য এবং সাশ্রয়ী মূল্য নিশ্চিত করতে তাৎক্ষণিকভাবে বিমান ভাড়ার উপর একটি সীমা চালু করা হয়েছে। সমস্ত বিমান সংস্থাকে সংশোধিত ভাড়া কাঠামো কঠোরভাবে মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে। তদুপরি, ইন্ডিগোকে বাতিল বা গুরুতর বিলম্বিত ফ্লাইটের জন্য ভাড়া ফেরত দেওয়ার প্রক্রিয়া শুরু করার নির্দেশ দেওয়া হয়েছে। বিমান সংস্থাটি এর আগে মোট ৬১০ কোটি টাকা ফেরত দিয়েছিল। উল্লেখ্য, অসামরিক বিমান পরিবহন মন্ত্রী রাম মোহন নাইডু আশ্বাস দিয়েছেন, বিমান চলাচল এখন দ্রুত স্বাভাবিকতার দিকে এগিয়ে চলেছে এবং পরিস্থিতি সম্পূর্ণ স্থিতিশীল না হওয়া পর্যন্ত সংশোধনমূলক প্রক্রিয়া অব্যাহত থাকবে।

*********************

**Ranjit Das, Nalchar:**

রাজ্যের দক্ষ বাঁশ বেত শিল্পী রঞ্জিত দাস রাষ্ট্রপতি পুরস্কার পাচ্ছেন| আগামীকাল দিল্লির বিজ্ঞান ভবনে দেশের অন্য রাজ্যের বিজয়ী শিল্পীদের সাথে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু রঞ্জিত দাসের হাতে পুরস্কার তুলে দেবেন| তিনি নলছড়ের নিজ বাড়িতে পরিবারের লোকজনদের সাথে নিয়ে বাঁশ বেতের বিভিন্ন সামগ্রী বানিয়ে বাজারজাত করেন |

আগরতলার হস্তশিল্প সেবা কেন্দ্রের সহায়তায় শ্রী দাস পুরস্কার গ্রহনের জন্য গতকাল দিল্লির উদ্দেশ্যে রওনা হয়েছেন|

*********************

**Central power Minister:**

কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী মনোহর লাল বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) এবং মেশিন লার্নিং (এমএল) ভিত্তিক অ্যাপ্লিকেশনগুলি বুদ্ধিমত্তা, ভোক্তা-কেন্দ্রিক এবং আশাবাদের বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্ক তৈরিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। নতুন দিল্লিতে বিদ্যুৎ বিতরণ ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা এবং মেশিন লার্নিং প্রযুক্তির ব্যবহার নিয়ে প্রথম জাতীয় সম্মেলনে বক্তৃতাকালে বিদ্যুৎ মন্ত্রী গতকাল একথা বলেন। সমাপ্তি অধিবেশনে ভাষণ দিতে গিয়ে শ্রী মনোহর লাল বলেন, AI/ML ভিত্তিক সমাধান, স্মার্ট মিটার বিশ্লেষণ এবং GenAI-ভিত্তিক সিদ্ধান্ত সমর্থন গ্রাহকদের অভিজ্ঞতা এবং অপারেশনাল দক্ষতা উভয়ই পরিবর্তন করতে পারে। মন্ত্রী একটি স্মার্ট, নির্ভরযোগ্য, এবং ভোক্তা-কেন্দ্রিক

বিতরণ ব্যবস্থার দিকে রূপান্তর করতে ইকোসিস্টেম অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য আহ্বান জানান।

**********************

## Election Commission:

নির্বাচন কমিশন জানিয়েছে, বিশেষ নিবিড় সংশোধন তথা S.I.R.-এর দ্বিতীয় পর্ব শুরু হওয়ার পর ৫0 কোটি ৯৪ লাখেরও বেশি Enumeration ফর্ম ভোটারদের মধ্যে বিলি করা হয়েছে। এটি প্রায় ৫১ কোটি ভোটারের ৯৯.৯৪ শতাংশ যা এই পর্বের আওতায় আনা হবে। কমিশন গতকাল আরো জানিয়েছে, এ পর্যন্ত ৫0 কোটির বেশি ফর্ম ডিজিটালাইজড করা হয়েছে। S.I.R এর দ্বিতীয় পর্ব নয়টি রাজ্য এবং তিনটি কেন্দ্রশাসিত অঞ্চলে গত মাসের ৪ তারিখে শুরু হয়েছে। রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলি হল ছত্তিশগড়, গোয়া, গুজরাট, কেরালা, মধ্যপ্রদেশ, রাজস্থান, তামিলনাড়ু, উত্তর প্রদেশ, পশ্চিমবঙ্গ, পুদুচেরি, লক্ষদ্বীপ, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ। আগামী বছরের ১৪ ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের মধ্য দিয়ে এই পর্বের ভোটার তালিকার সংশোধনী শেষ হবে।

**********************

## Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত পরিস্কার থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪ ডিগ্রি সেলসিয়াস।দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৮ ডিগ্রির কাছাকাছি।

*******************

*******************